দামুড়হুদায় নাইটগার্ড ও পথচারীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদায় বিভিন্ন স্থানে শীতার্ত নাইটগার্ড, পথচারী ও ভবঘুরের বেড়ানো ব্যক্তিদের মাঝে কম্বল বিতরণ করেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর।

আজ শনিবার রাত ১১ টার দিকে তিনি সরজমিনে গিয়ে এসব মানুষের মাঝে কলম্ব বিতরণ করেন।

মৌসুম জুড়েই চলছে চরম শীত। জেলা উপজেলা জুড়ে শীতের প্রকোপ এবার অনেক অংশে বেশি। সর্বনিম্ন তাপমাত্রার রেকর্ড রয়েছে এই চুয়াডাঙ্গা জেলায়। শীতার্ত মানুষের মাঝে গরম কম্বল বিতরণ করছেন চুয়াডাঙ্গা জেলা পুলিশও। তারই ধারাবাহিকতায় জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনা ও পৃষ্ঠপোষকতায় উপজেলার দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবীর দামুড়হুদা বাজার, বাসট্যান্ড, কাঁঠালতলা বাজার ও ডুগডুগি বাজারের শীতার্ত নাইটগার্ড, পথচারী ও পাগল ভবঘুরে মানুষের মাঝে গরম কম্বল বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই আসাদ, এএসআই মহানন্দ সহ আরও অনেকে।